

বন্ধ ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা

বিষয়ঃ “পাট বিধিমালা-২০২১” ওয়েব সাইটে প্রকাশ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “পাট বিধিমালা-২০২১” এর খসড়া এতদ্বিগ্নে প্রেরণ করা হলো। প্রত্যাবিত বিধিমালার উপর এ মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা/বোর্ড/স্টেক হোল্ডার/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি এবং সর্ব সাধারণের মতামত আহবান করার লক্ষ্যে বিধিমালার খসড়া ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে



(শরীন সুলতানা)

সিনিয়র সহকারী সচিব

টেলিফোনঃ ৯৫৪৫০১৪

Email:- jute2.motj@gmail.com

সিস্টেম এনালিস্ট (আইসিটি)
বন্ধ ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইউ.ও.নোট নং:-২৪.০০.০০০০.১১৯.২২.০১০.২০-৩৫২

১০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ ২৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি জন্যঃ-

০১। সচিবের একান্ত সচিব, বন্ধ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ : বঙ্গাব্দ/..... খ্রিষ্টাব্দ

নং- তারিখ : পাট আইন, ২০১৭ (২০১৭ সনের ০৫ নং আইন) এর ধারা-২৮ এ প্রদত্ত
ক্ষমতা বলে সরকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলঃ

- ১। শিরোনাম ও প্রবর্তন।— (১) এই বিধিমালা পাট বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- ২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়—
- (১) “আইন” অর্থ পাট আইন, ২০১৭ (২০১৭ সনের ৫ নং আইন);
(২) “অধিদপ্তর” অর্থ পাট অধিদপ্তর;
(৩) “ধারা” অর্থ পাট আইন, ২০১৭ এর যে কোন ধারা;
(৪) “বিধি” অর্থ পাট আইন, ২০১৭ এর অধীন প্রণীত বিধি;
(৫) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোন তফসিল;
(৬) “ফরম” অর্থ এই বিধিমালার তফসিলের সহিত সংযোজিত যে কোন ফরম;
(৭) “ব্যক্তি/প্রতিষ্ঠান” অর্থ পাট সংশ্লিষ্ট যে কোন ধরণের কোম্পানি, সংঘ, সমিতি, অংশীদারী কারিবার, প্রতিষ্ঠান, সংস্থা, অন্য কোন কৃতিম আইনগত সত্ত্বাসহ উহাদের প্রতিনিধিত্ব অন্তর্ভুক্ত হইবে;
(৮) “ব্যবসায়ী” অর্থ পাট আইন, ২০১৭ এর ধারা-২ উপধারা-১২ এ সংজ্ঞায়িত ব্যবসায়ী;
(৯) “ব্রোকার” বলিতে পাট ও পাটজাত দ্রব্য/পণ্য ক্রয়, বিক্রয় এবং মজুদ করিবার জন্য সরকার বা পাট ব্যবসায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে।
- (১০) “বেলার (Baler)” অর্থ প্রেস মালিক ব্যতীত কোন ব্যবসায়ী, যিনি কাঁচা বা পাকা বাচাইকৃত পাট বাঁধাই করিবার জন্য কাঁচা বা পাকা বেলার নামে পরিচিত, যিনি কাঁচা বা পাকা ব্যবসা কেন্দ্রে আওলা পাট খরিদ করেন অথবা অভ্যন্তরীণ বাজারে বেল পাট ক্রয় বা বিক্রয় করেন, অথবা কোন ব্যবসায়ী যিনি ফি’র বিনিময়ে অন্যের পাট (আওলা বা বেল) হেফাজত করেন বা তাহাদের দ্বারা ক্ষমতা প্রাপ্ত হইলে বিক্রয়ের মধ্যস্থতা করেন, অথবা কোন ব্যবসায়ী যিনি বাংলাদেশের ভিতরের দুইজন ব্যবসায়ির মধ্যে বা বাংলাদেশের বিক্রেতা এবং ক্রেতার পাট ক্রয় বা বিক্রয়ের মধ্যস্থতা করেন;
- (১১) “পাটের ডিলার (Dealer of Jute)” অর্থ কোন ব্যবসায়ী যিনি কেবল আওলা পাটের ব্যবসা করেন, অথবা যিনি ক্রয় বা বিক্রয়ের মধ্যস্থতা করেন;
- (১২) “পাটজাত পণ্যের ডিলার (Dealer of Jute Manufactures)” অর্থ কোন ব্যবসায়ী যিনি পাটজাত পণ্যের ব্যবসা করেন, কোন পাটজাত পণ্যের প্রস্তুতকারক বা জুট মিল ইহার অন্তর্ভুক্ত হইবে না;
- (১৩) “প্রস্তুতকারক (Manufacturer)” অর্থ কোন ব্যবসায়ী যিনি পাটজাত দ্রব্য/পণ্য প্রস্তুত করিবার জন্য পাট বা পাট সংশ্লিষ্ট উপাদান ব্যবহার করেন। পাটজাত কোন দ্রব্য বা পণ্য ব্যবহার করিয়া নতুন কোন পণ্য বা দ্রব্য প্রস্তুতকারকও এর অন্তর্ভুক্ত হইবে।
- (১৪) “পাটের শ্রেণিবিন্যাস (Grading of Jute)” অর্থ সরকার কর্তৃক সময় সময় স্বীকৃত স্ট্যান্ডার্ড ট্রেড গ্রেডের সংগে সংগতিপূর্ণ পাটের গুণাগুণ অনুসারে শ্রেণিবিন্যাস করা;
- (১৫) “পাট (Jute)” অর্থ পাট আইন, ২০১৭ এর ধারা-২ উপধারা-৪ এ বর্ণিত সংজ্ঞা অনুযায়ী পাট;

- (১৬) “পাটখড়ি/পাটকাঠি (Jute stick)” অর্থ পাট আইন, ২০১৭ এর ধারা-২ উপধারা-৫ এ সংজ্ঞায়িত পাটখড়ি;
- (১৭) “পাট চাষী” অর্থ পাট আইন, ২০১৭ এর ধারা-২ উপধারা-৬ এ সংজ্ঞায়িত পাট চাষী;
- (১৮) “বেল (Bale)” অর্থ ব্যবহারের নিমিত্ত ওজনের বৈধাইকৃত পাটের (আওলা অথবা পাকা) গাইট (কাচা অথবা পাকা):
- ক) বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহারের নিমিত্ত ১৫০ (একশত পঞ্চাশ) কিলোগ্রাম পর্যন্ত ওজনের পাটের বেল, কায়িক শর্মে বা শক্তিতে পরিচালিত কোন পেষণ যন্ত্র বা অন্য কোন ডিভাইস দ্বারা যাহা বৈধাই করা হয় তাহা কাচা বেল নামে পরিচিত;
- খ) একই ভাবে, রপ্তানির নিমিত্ত সাধারণত ১২.২৫ কিলোগ্রাম হইতে ১৮২.২৫ কিলোগ্রাম ওজনের প্রতিটি পাটের গাইট যাহা শক্তি চালিত কোন পেষণ যন্ত্র দ্বারা বৈধাই করা হয় তাহা পাকা বেল নামে পরিচিত।
- (১৯) “মণ (Mound)” অর্থ ৩৭.৩২৪২ কেজির সমপরিমাণ ওজন;
- (২০) “কুইন্টাল” অর্থ ১০০ কেজির সমপরিমাণ ওজন;
- (২১) “কাচা প্রেস” অর্থ কায়িক শর্মে বা শক্তিতে পরিচালিত কোন পেষণ যন্ত্র বা অন্য কোন ডিভাইস যাহার দ্বারা, বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহারের নিমিত্ত, ১৫০ (একশত পঞ্চাশ) কিলোগ্রাম পর্যন্ত ওজনের পাটের বেল, যাহা কাঁচা বেল নামে পরিচিত, বৈধাই করা হয়;
- (২২) “পাকা প্রেস” অর্থ শক্তি চালিত কোন পেষণ যন্ত্র যাহার দ্বারা রপ্তানির নিমিত্ত সাধারণত ১২.২৫ কিলোগ্রাম হইতে ১৮২.২৫ কিলোগ্রাম ওজনের প্রতিটি পাট বেল বৈধাই করা হয়; এবং উক্ত অর্থে সেমি-গাকা পেষণ যন্ত্রে অন্তর্ভুক্ত হইবে;
- (২৩) “ওভারগ্রেডিং(Overgrading)” অর্থ এমনভাবে পাট যাচাই করা যাহাতে যাচাইকৃত পাটে বেল টিকিটে নির্দেশিত গ্রেডের সমমানের চাইতে নিম্নমানের পাট থাকে;
- (২৪) “আন্ডারগ্রেডিং (Undergrading)” অর্থ এমনভাবে পাট যাচাই করা যাহাতে বেল টিকেটে নির্দেশিত সমমানের চাইতে যে কোন উচ্চমানের পাট থাকে;
- (২৫) “আন্ডারইনভয়েসিং (Underinvoicing)” অর্থ সংশ্লিষ্ট মালের চালানে চালানী দ্রব্য অপেক্ষা নিম্নদর বা গুণ/মান বা পরিমাণ প্রদর্শন করা;
- (২৬) “ট্রেজারি (Treasury)” অর্থ বাংলাদেশের অভ্যন্তরে সরকারি ট্রেজারি, সাব-ট্রেজারি ও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (২৭) “মহাপরিচালক (Director General)” অর্থ পাট অধিদপ্তরের মহাপরিচালক।
- ৩। পাট ও পাটজাত দ্রব্য/পণ্য উৎপাদন ও প্রসার, গবেষণা ও পাটচাষে উদ্বৃক্ষণ— (১) ধারা ৩ এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মহাপরিচালক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন:
- (ক) পাটবীজের আমদানি নির্ভরতা হাসকরণে মানসম্মত উচ্চফলনশীল পাটবীজ উৎপাদন, সংরক্ষণের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং পাট চাষীদের সহায়তা প্রদান করিতে পারিবেন;
- (খ) পাট, পাটবীজ ও পাটজাত পণ্য (প্রচলিত ও বহমুখী) গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে গবেষণা প্রতিষ্ঠান গঠনের নিমিত্ত আলাদা ইনস্টিউট গঠনের উদ্যোগ গ্রহণ করিতে পারিবে;
- (গ) বহমুখী পাটজাত পণ্যের উদ্যোগস্থ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, ব্যাংক খণ্ড প্রদানের ব্যবস্থা গ্রহণ, পণ্যের মান নিশ্চিতকরণ, রপ্তানি কাজে সহায়তা প্রদান, তথ্য/উপাত্ত আদান-প্রদান এবং নিজস্ব ওয়েবসাইটসহিত প্রচার মাধ্যমে প্রচার করিতে পারিবেন;
- (ঘ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় দেশের সকল পাট চাষী, পাট ও পাটজাত পণ্যের উৎপাদনকারী, রপ্তানিকারক ও বৈদেশিক ক্ষেত্রাল ডাটাবেজ তৈরি করিতে পারিবেন;
- (ঙ) পাট ও পাটবীজ উৎপাদনের নিমিত্ত ভূমি ব্যবহারের লক্ষ্যে জোন নির্বাচন করিবার জন্য উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে পারিবেন;
- (চ) প্রচলিত পাটজাত পণ্য এবং বহমুখী পাটজাত পণ্য উৎপাদনের নিমিত্ত শিল্প কারখানা স্থাপন ও রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে জোনভিত্তিক পাট পল্লী স্থাপন করিবার নিমিত্ত উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে পারিবেন;
- (ছ) প্রচলিত পাটজাত পণ্য ও বহমুখী পাটজাত পণ্যের গবেষণা কার্যক্রম পরিচালনা এবং উদ্যোগাদের প্রশিক্ষণ প্রদানের জন্য বিভাগ/অঞ্চল পর্যায়ে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে পারিবেন;

- (জ) প্রতি বছর ৩০ জুন তারিখে পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের উৎপাদন, রপ্তানি, রপ্তানি আয় এবং বৎসরান্তে মজুদ নির্ণয় করিবার লক্ষ্যে পরিসংখ্যান সংগ্রহ, সংকলন ও সংরক্ষণ এবং কাজে সংশ্লিষ্ট অংশীজনের (Stakeholders) চাহিদা মোতাবেক তথ্য/উপাত্ত সরবরাহ করিবেন;
- (বা) পাট গবেষণা, পাটের চাষ ও উৎপাদনে উদ্বৃক্তকরণ, পাটজাত দ্রব্য/পণ্যের ব্যবহার বৃদ্ধি ও বাজার সৃষ্টির জন্য পাটখাতে বিশেষ অবদান বিবেচনায় সংশ্লিষ্ট অংশীজনকে (Stakeholders) পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। প্রতি বছর জাতীয় পাট দিবস অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করা যেতে পারে;
- (গ্র) পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের উৎপাদনকারীদের দ্রব্য/পণ্যসমূহ বাজারজাতকরণ, বৈদেশিক ক্রেতার দৃষ্টি আকর্ষণ ও ক্রেতার অর্ডার প্রাপ্তির নিমিত্ত আন্তর্জাতিক মেলায় (দেশে/বিদেশে) পাট অধিদপ্তরের প্রতিনিধির সমন্বয়ে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণের অনুমতি প্রদান করিতে পারিবেন।

৪। পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের ব্যবসা উন্নয়ন ও সম্প্রসারণ।—আইনের ধারা ৪ এর উদ্দেশ্য পূরণকল্পে সরকারের নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথা:-

- (১) (ক) পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত নীতিমালা বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণ করে সরকারের নিকট সুপারিশ প্রদান করিতে পারিবেন;
- (খ) এই বিধিমালার আওতায় পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের ব্যবসা তদারকি ও নিয়ন্ত্রণ করিতে পারিবেন;
- (গ) দেশের অভ্যন্তরে ও বিদেশে পাট ও পাটজাত দ্রব্য/পণ্য পরিবহন এবং জাহাজীকরণ সংক্রান্ত ব্যবসায়ীদের সহায়তা প্রদান করিতে পারিবেন;
- (ঘ) পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের ব্যবসায়ী এবং প্রেস মালিকগণকে লাইসেন্স প্রদান, নবায়ন এবং স্থগিত বা বাতিল করিতে পারিবে; এ লক্ষ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে প্রয়োজনীয় নীতি-পদ্ধতি প্রবর্তন করিতে পারিবেন;
- (ঙ) পাট ও পাটজাত দ্রব্য/পণ্য উৎপাদন, বিপণন ও রপ্তানি বিষয়ে পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং প্রচার করিতে পারিবেন; এবং
- (চ) প্রয়োজনীয় ক্ষেত্রে পাট ব্যবসায় কোন ব্যবসায়ী প্রতিষ্ঠান অধিগ্রহণ, পরিচালনা বা ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করিতে পারিবে।
- (২) বৈদেশিক বাজার, এমনকি স্থানীয় বাজারেও, বাংলাদেশের পাটকলে উৎপাদিত পাটজাত দ্রব্য/পণ্যের মান উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথা :
- (ক) পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের গুণগতমান নির্ধারণ ও শ্রেণিবিন্যাসকরণ; এ লক্ষ্য-
- ১) পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের শ্রেণিবিন্যাস (ধরণ ভিত্তিক) ও আদর্শমান (Standard) অনুসরণ এবং গুণগত মান নিশ্চিতকরণে প্রয়োজনীয় পরীক্ষণ এর ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;
 - ২) পাটজাত পণ্যের মান নিয়ন্ত্রণে বাংলাদেশে প্রয়োজনীয় সংখ্যক পাটপণ্য পরীক্ষাগার স্থাপন করিতে পারিবে;
 - ৩) পাটপণ্য পরীক্ষাগারের প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম এবং যোগ্য জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;
 - ৪) পাটপণ্য পরীক্ষাগারে সময় সময় নির্ধারিত ফি প্রদান/পরিশোধ সাপেক্ষে প্রবর্তিত পদ্ধতিতে নমুনা পরীক্ষার ব্যবস্থা করিতে পারিবে;
 - ৫) মহাপরিচালক কর্তৃক আদেশ দ্বারা কোন প্রতিষ্ঠান/মিলের পাটজাত দ্রব্য/পণ্যের নমুনা সংগ্রহ, পরীক্ষণ এবং সংকলনপূর্বক সুপারিশ/করণীয়সহ প্রতিবেদন সরকারের নিকট দাখিল করিতে পারিবে।
- (খ) মূল্য স্থিতিকরণ বা সহায়ক কর্মসূচি, জরুরি মজুদ কার্যক্রম বা রাষ্ট্রীয়ভাবে পাটের ব্যবসা কার্যক্রম হইতে সরকারের পক্ষে বা বিপক্ষে উদ্ভূত কোন দাবি নিষ্পত্তির লক্ষ্যে সরকার সময়ে সময়ে প্রশাসনিক আদেশ দ্বারা পাটের সর্বোচ্চ বা সর্বনিম্ন মূল্য নির্ধারণ/পুনর্নির্ধারণ করিতে পারিবেন এবং জরুরি প্রয়োজনে সরকারের পক্ষে পাটের ব্যবসা পরিচালনা তথা পাট ও পাটজাত দ্রব্য/পণ্য ক্রয়-বিক্রয়, মজুদ, সংরক্ষণ বা রপ্তানির লক্ষ্যে পাটকল বা ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব গ্রহণ করিতে পারিবেন।

৫। লাইসেন্স গ্রহণের জন্য আবেদনপত্র দাখিল।—আইনের ধারা ৫ মোতাবেক লাইসেন্স ব্যতীত কোন পাট ও পাটজাত দ্রব্য/পণ্যের ব্যবসা পরিচালনা করা যাইবে না, নির্ধারিত পদ্ধতিতে লাইসেন্স গ্রহণ করিতে হইবে; তবে শর্ত থাকে যে, কোন পাট চাষী তাহার নিজ উৎপাদিত পাট বিক্রয় করিতে কোন লাইসেন্স গ্রহণ করার প্রয়োজন হইবে না; তবে সরাসরি রপ্তানি করিতে চাহিলে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

- (ক) আইনের ধারা-৫ এর আওতায় লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের সকল আবেদনপত্র তফসিল-৩ তে বর্ণিত ফরমে তফসিল-২ তে বর্ণিত যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে। প্রত্যেক আবেদনপত্রের সঙ্গে তফসিল-১ তে বর্ণিত ফি ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিয়া চালানের মূল কপি আবেদনের সহিত দাখিল/আপলোড করিতে হইবে। লাইসেন্স নবায়নের ফি লাইসেন্স মঞ্জুরীর ফি 'র সমান;
- (খ) সরকার সময়ে সময়ে লাইসেন্স মঞ্জুর/নবায়ন ফি পুনঃনির্ধারণ করিতে পারিবে;
- (গ) কোন কাঁচাপাট রপ্তানিকারককে মিল প্রাঙ্গনে অবস্থিত কেন্দ্রে বেলার বা পাটের ডিলার হিসেবে ব্যবসা পরিচালনা এবং কোন বেলারকে একই কেন্দ্রে পাটের ডিলার হিসেবে ব্যবসা পরিচালনা করিতে পৃথক লাইসেন্স গ্রহণের প্রয়োজন হইবে না। তবে একাধিক কেন্দ্র হইলে প্রতি কেন্দ্রের জন্য পৃথক লাইসেন্স গ্রহণ করিতে হইবে;
- (ঘ) কোন অর্থ বৎসরের জন্য লাইসেন্স নবায়নের আবেদনপত্র সেই বৎসরের পূর্বে ও ৩০ এপ্রিল এর পর, তবে তৎপরবর্তী ৩০ সেপ্টেম্বর এর পরে নয়, দাখিল করিতে হইবে;
- তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক নির্ধারিত সময়ে আবেদন করিতে ব্যর্থ হইলে উপযুক্ত এবং পর্যাপ্ত কারণ ব্যাখ্যাপূর্বক এবং তফসিল-১ এ বর্ণিত সরকার কর্তৃক নির্ধারিত লাইসেন্স ফি'র অতিরিক্ত সম্পরিমাণ অর্থ জরিমানা হিসেবে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করে ৩০ সেপ্টেম্বর এর পরও লাইসেন্স নবায়নের আবেদন করা যাইবে;
- (ঙ) আবেদনকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নির্ধারিত ফরমে প্রাপ্ত ম্যানুয়াল/অনলাইনে আবেদন ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের সঠিকতা যাচাই এরপর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে লাইসেন্স ইস্যু/নবায়ন করিতে পারিবে। পাটের ডিলার ব্যতীত অন্য কোন ক্যাটাগরীর লাইসেন্স কোন ব্যক্তির নামে ইস্যু করা যাইবে না;
- তবে শর্ত থাকে যে, অনলাইনে প্রাপ্ত আবেদন ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের সঠিকতা যাচাইকালে যথাযথ না পাওয়া গেলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে লাইসেন্স মঞ্জুর বা নবায়ন করা যাইবে না;
- (চ) অনলাইনের মাধ্যমে আবেদনের ক্ষেত্রে পাট অধিদপ্তরের ওয়েবসাইট (www.dgjute.gov.bd) থেকে অনলাইন লাইসেন্স আবেদনের লিংক এ ক্লিক করে অথবা "সোনালী আঁশ" মোবাইল অ্যাপ ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজপত্রের ক্ষ্যান কপি সংযুক্তির মাধ্যমে আবেদন করা যাইবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন করা হইবে;
- (ছ) সোনালী আঁশ মোবাইল অ্যাপ এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে আবেদনকারী/ইউজার (সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান) এর মোবাইল SMS এর মাধ্যমে আবেদনের অগ্রগতি অবহিত করা হইবে। সেক্ষেত্রে আবেদনকারী অনলাইন হইতে তাহার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া লাইসেন্স ডাউনলোড করিয়া নিতে পারিবে।

৬। বিদেশীদেরকে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে অনসরণীয় পদ্ধতি: পাট ব্যবসা ও শিল্পের ক্ষেত্রে দেশের জাতীয় স্বার্থ উন্নয়নের উদ্দেশ্যে এইরূপ কোন ব্যক্তি বা ফার্ম বা কোম্পানীকে কোন প্রকারের লাইসেন্স প্রদান করা সরকারের নিকট যুক্তিসংজ্ঞাত বিবেচিত হওয়া ব্যতিরেকে কোন ব্যক্তি যিনি বাংলাদেশের নাগরিক নন অথবা কোন ফার্ম বা কোম্পানী যাহাদের সকল অংশীদার বা পরিচালক বাংলাদেশের নাগরিক নন তাহাদেরকে কোন লাইসেন্স প্রদান করা যাইবে না। তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি বা ফার্ম বা কোম্পানীর ৫০ ভাগ অংশীদারিত বাংলাদেশী নাগরিকের বা প্রতিষ্ঠানের থাকিলে লাইসেন্স প্রদান করা যাইবে।

৭। লাইসেন্সের ক্ষেত্রে অনুকরণীয় নীতিমালা:

- (ক) একই প্রতিষ্ঠান/ব্যক্তি যদি একাধিক ধরণের লাইসেন্স গ্রহণ করিতে চায় সে ক্ষেত্রে তাহাকে আবেদন ফরমে উল্লিখিত প্রয়োজনীয় ধরণগুলো উল্লেখ করিয়া আবেদন করিতে হইবে। প্রতিটি ধরণের জন্য তফসিল-১ এ বর্ণিত নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে লাইসেন্স গ্রহণ করিতে পারিবেন। লাইসেন্স এর প্রতিটি ধরণের জন্য আবেদনকারীকে ভিন্ন ভিন্ন আবেদন করিবার প্রয়োজন হইবে না। তবে সরকার প্রয়োজনে সময়ে সময়ে নির্বাহী আদেশ দ্বারা তফসিল-১ এ বর্ণিত ফি পুনঃনির্ধারণ করিতে পারিবে;
- (খ) কাঁচা বা পাকা প্রেস মালিক বেলার হিসাবে ব্যবসা করিতে চাহিলে বেলার লাইসেন্স গ্রহণ করিতে হইবে;

লাইসেন্স ইস্যু এবং নবায়নের শর্তাবলী।—নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আইনের ৫ ধারার আওতায় লাইসেন্স, মঙ্গুয়ী এবং নবায়ন করা যাইবে:-

- (ক) লাইসেন্সধারী কেবল মঙ্গুয়ী/অনুমোদিত ওজনে পাট ব্যবসায় পরিচালনা করিবেন;
- (খ) তিনি প্লাটের ওজন বা মূল্য হইতে সাধারণত: ধলতা, কাবারী, বৃত্তি, শতকরা, নমুনা বাছট, জলপানি, কাচি ও খাতা ইত্যাদি নামে পরিচিত কোন প্রকার কমানো বা অন্যায় দায়-দাবি বা কারচুপিতে লিপ্ত হইবেন না;
- (গ) তিনি আঁশে শুকনো অবস্থায় প্রাকৃতিক আদ্রতার চাইতে অতিরিক্ত আদ্রতাযুক্ত পাটের ব্যবসা করিবেন না কিংবা পানি, বালি ও রং ইত্যাদি মিশ্রিত পাটের ব্যবসা করিবেন না;
- (ঘ) কোন ব্যবসায়ী ‘ঝণ’ হিসেবে ৩৭.৩২৪২ কেজির বেশী পরিমাণ ওজন গ্রহণ করিতে পারিবে না;
- (ঙ) তিনি কেবলমাত্র ব্যবসায় প্রচলিত গ্রেডের মান অথবা ব্যবসায় প্রচলিত গ্রেডের মান বাতিলক্রমে সময়ে সময়ে সরকার কর্তৃক সংজ্ঞায়িত বা অনুমোদিত গ্রেডের মান অনুসারে ব্যবসা পরিচালনা করিবেন;
- (চ) আইনের অধীন এইরূপ কোন ঘটনা বা তথ্য সরবরাহ করিতে বলা হইলে তিনি ব্যবসায় সংক্রান্ত বা ব্যবসার সহিত থাসংগিক কোন ঘটনার চাপা বা মিথ্যা তথ্য সরবরাহ করিবেন না, কিংবা তাহার নিজ উদ্যোগে বা আইনের কোন বিধানের চাহিদা মোতাবেক যেইভাবে এইরূপ কোন খাতাপত্র, হিসাব এবং রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ করা হউক না কেন, তিনি কোন মিথ্যা হিসাবের খাতাপত্র এবং রেকর্ডপত্র অথবা সকল লিখনে একটির সাথে অন্য সেটের মিল নাই এমন দুই সেট খাতাপত্র হিসাব বা অন্যান্য রেকর্ডপত্রের রক্ষণাবেক্ষণ করিবেন না;
- (ছ) কোন প্রস্তুতকারক, পাট বা পাটজাত দ্রব্য/পণ্য রপ্তানিকারক, পাটজাত পণ্যের ডিলার, বেলার এবং প্রেস মালিক (কৌচা ও পাঙ্কা) তাহার পাট ব্যবসার বিবরণ প্রদর্শন করিয়া বাংলায় বা ইংরাজীতে ভাউচার, হিসাবের খাতাপত্র ও রেজিস্টার রাখিবেন এবং ধারা-১৬ এর আওতায় প্রণীত আদেশ দ্বারা নির্ধারিত ছক অনুযায়ী মাস ভিত্তিক রিটার্ন মহাপরিচালক, পাট অধিদপ্তর বা মহাপরিচালক কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিবেন;
- (জ) প্রকৃত পাটচাষী বা লাইসেন্সধারী ব্যবসায়ী নন এমন কোন ব্যক্তির সংগে ব্যবসায়ীক লেনদেন বা মধ্যস্থতা করিবেন না;
- (ঝ) তিনি বৈধ চুক্তি (বৈদেশিক বা স্থানীয়) পালনে ব্যর্থ হইবেন না, অথবা সঠোষজনক কারণ ব্যতিরেকে চুক্তি পালনে ব্যর্থ হইলে প্রতিপক্ষকে বাজার মূল্যের পার্থক্য সম্পরিমান মূল্য (Market difference) প্রদান করিবেন;
- (ঝঁ) তিনি পাটের আভারগ্রেডিং, ওভারগ্রেডিং, আভার-ইনভয়েসিং বা চোরাচালনী কাজে লিপ্ত হইবেন না, বা যেকোন ধরণের বেআইনি ক্রয়-বিক্রয়ে বিরত থাকিবেন;
- (ট) আইনের ধারা-৭ এর আওতায় সরকার কর্তৃক নির্ধারিত ন্যূনতম মূল্যের নীচে বা সর্বোচ্চ মূল্যের উপরের দরে কোন পাট বা পাটজাত দ্রব্য/পণ্য ক্রয় বা বিক্রয় করিবেন না অথবা বিক্রয়ের বা ক্রয়ের প্রস্তাব করিবেন না অথবা পাট বা পাটজাত দ্রব্য/পণ্যের কোন লেনদেনের মধ্যস্থতা করিবেন না;
- (ঠ) যে স্থানের জন্য লাইসেন্স প্রদান করা হইয়াছে সেইস্থানে দৃষ্টিগোচর স্থানে লাইসেন্স ঝুলাইয়া রাখিবেন যদি তিনি কোন উৎপাদনকারী হইয়া থাকেন, যাহাদের নির্দিষ্ট ব্যবসা কেন্দ্র নাই, ব্যবসার উদ্দেশ্যে যেখানেই যাইবেন লাইসেন্স সংগে রাখিবেন এবং আইনের ১৪ ধারার আওতায় ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি কর্তৃক চাহিবা মাত্র উপস্থাপন করিবেন;
- (ড) যদি তিনি কোন ডিলার অব জুট বা বেলার বা প্রেস মালিক (কৌচা ও পাঙ্কা) হন, তাহা হইলে তিনি সরকার নির্ধারিত রেটের চাইতে অতিরিক্ত হারে ব্রোকারেজ, কমিশন, আড়তদারী, বাবেলিং ফি, যেক্ষেত্রে যাহা প্রযোজ্য চার্জ করিতে পারিবেন না;
- (ঢ) তিনি যদি কোন বেলার হন তাহা হইলে পাট ব্যবসায় পরিচালনার জন্য অবশ্যই তাহার একটি প্রতিষ্ঠিত অফিস থাকিতে হইবে;
- (ণ) তিনি যদি সীমান্ত এলাকায় ব্যবসার তাহা হইলে সরকার যখন যেইভাবে নির্দেশ প্রদান করিবে সেইমতে তিনি মহাপরিচালক, পাট অধিদপ্তর কর্তৃক নির্দিষ্টকৃত এইরূপ এলাকার এইরূপ ব্যক্তি বা ব্যবসায়ীর নিকট তাহার ক্রয় করা সকল পাট বিক্রয় করিবে এবং সকল ক্রয়, বিক্রয় এবং মজুদের হিসাবের খাতাপত্র রক্ষণাবেক্ষণ করিবেন এবং মহাপরিচালক কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার নিকট সাময়িক রিটার্ন দাখিল করিবেন;
- (ত) তিনি যদি কোন প্রস্তুতকারক বা প্রেস মালিক (কৌচা ও পাঙ্কা) বা পাট বেলিং কেন্দ্রে পাট গুদাম ব্যবহারকারী হন, তাহা হইলে তিনি আবশ্যিকভাবে ফায়ার সার্ভিস রুলস বা রেগুলেশনে যেইভাবে নির্ধারণ করা হইবে বা হইয়াছে সেই বিধান অনুসারে এবং এতদুদ্দেশ্যে সময় সময় সরকার কর্তৃক জারিকৃত নির্দেশ অনুযায়ী অগ্নিনির্বাপক সরঞ্জাম রাখিবেন এবং অগ্নিকান্ড প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করিবেন;
- (থ) পাটকলগুলি দেশে পাটের বস্তা/পণ্যের অভ্যন্তরীণ চাহিদা আবশ্যিকভাবে পূরণপূর্বক বিদেশে রপ্তানি করিতে পারিবে ;

- (দ) তিনি তাহার পাট মজুদের বিবরণ ও অবস্থান সম্পর্কে পাট অধিদপ্তরের স্থানীয় কার্যালয়কে মাসিক ভিত্তিতে নিয়মিত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন;
- (খ) প্রত্যেক প্রস্তুতকারক/পাটকলকে আবশ্যিকভাবে রপ্তানিকারক লাইসেন্স গ্রহণ করিতে হইবে।
- (ন) স্পিল্ডেল লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে হেসিয়ান, স্যাকিং, সি বি সি ও কাপেট উৎপাদনকারী কোন কম্পোজিট জুট মিল রপ্তানি/বিক্রয়ের উদ্দেশ্যে ইয়ার্গ/চুয়াইন উৎপাদন করিতে পারিবে না।
- (প) পৌকা বেলার লাইসেন্স গ্রহণ বাতিত পাটজাতদ্রব্য প্রস্তুতকারক/রপ্তানিকারক লাইসেন্সের মাধ্যমে কোন জুট মিল তাহাদের মিলের অপ্রয়োজনীয় কাঁচাপাটবা কাটিং ক্রয়-বিক্রয় করিতে পারিবে না।
- (ফ) যেই ব্যবসার জন্য লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে, লাইসেন্সধারী যদি সেই ব্যবসা পরিচালনা বক্ত করিয়া দেন অথবা ব্যবসায় তাহার স্বার্থ বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করেন, তাহা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।
- (ব) উপরে উল্লিখিত শর্তাবলী ছাড়াও সরকার প্রয়োজন মনে করিলে সময়ে সময়ে নির্বাহী আদেশের মাধ্যমে নতুন শর্তাবলী সংযোজন, বিয়োজন ও পরিবর্তন করিতে পারিবে।

- ১। ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু।— কোন লাইসেন্স হারাইয়া গেলে, ক্ষতিগ্রস্ত বা লিখন অস্পষ্ট হইয়া পড়িলে নির্ধারিত ফি প্রদান ও আবেদন সাপেক্ষে মূল লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃক লাইসেন্সধারী কে এইরূপ ডুপ্লিকেট ইস্যু করা যাইবে। প্রতিটি ডুপ্লিকেট লাইসেন্স ফি পাটের ডিলার বা পাটপণ্যের ডিলার এর ক্ষেত্রে ৩০০ টাকা, বেলারের ক্ষেত্রে ১০০০ টাকা, রপ্তানিকারকের ক্ষেত্রে ১৫০০ টাকা এবং প্রেসমালিক এবং ম্যানুফ্যাকচারের ক্ষেত্রে ২০০০ টাকা।
- ১০। লাইসেন্স প্রদান ও নবায়নের রেকর্ড রক্ষণাবেক্ষণ।-- তফসিল-২ এ নির্ধারিত লাইসেন্সিংকর্তৃপক্ষ লাইসেন্স প্রদান ও নবায়ন রেকর্ড পত্র রক্ষণাবেক্ষণ করিবেন।
- ১১। লাইসেন্স সাময়িক বাতিল বা বাতিলের কর্তৃপক্ষ।— লাইসেন্স সাময়িকভাবে বাতিল বা বাতিলের উদ্দেশ্যে আইনের ৫ ধারার উপ-ধারা (৮)-এ বর্ণিত কর্তৃপক্ষ হইবেন পাট অধিদপ্তরের মহাপরিচালক অথ বা তাহার দ্বারা এই বিষয়ে ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কর্মকর্তা।
- ১২। আদেশের বিরুদ্ধে আপিল।--কোন সংকুচ্ছ ব্যক্তি/প্রতিষ্ঠানতাঁহার/প্রতিষ্ঠানের উপর যে কোন দণ্ড/জরিমানা আরোপের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করিতে চাহিলে এই উদ্দেশ্যে সরকারের সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের নিকট, অথবা যেই ক্ষেত্রে এইরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সেইক্ষেত্রে আদেশদানকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট, অথবা যেই ক্ষেত্রে আদেশ দানকারী কর্তৃপক্ষের অধিষ্ঠন কোন কর্তৃপক্ষ আদেশ দান করিয়াছেন, সেইক্ষেত্রে তাহার উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করিতে পারিবেন।
- ১৩। আপিল দায়ের পদ্ধতি।--(ক) আদেশের বিরুদ্ধে আপিলকারী নিজে অথবা তাহার নিয়োগকৃত প্রতিনিধি নির্দিষ্ট কার্যসম্পাদনপূর্বক সরাসরি উপস্থিত হইয়া অথবা রেজিস্ট্রি ডাকঘোণে/কুরিয়ার সার্ভিস/অনলাইনে (প্রযোজ্য ক্ষেত্রে) আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করিতে পারিবেন;
- (খ) আপিল কর্তৃপক্ষকে সমোধন করিয়া আপিল দায়ের করিতে হইবে, আপিলকারী যে সকল গুরুত্বপূর্ণ বক্তব্য ও যুক্তির উপর নির্ভর করেন তাহা আপিল আবেদনে লিপিবদ্ধ করিতে হইবে, আপিলে কোন অসম্মানজনক বা অশোভন ভাষা ব্যবহার করা যাইবে না এবং ইহা স্বয়ংসম্পূর্ণ হইবে;
- (গ) আপিলের চার্জ সরকার কর্তৃক নির্বাহী আদেশের মাধ্যমেনির্ধারণ/সময়ে সময়ে হালনাগাদ করিতে হইবে;
- (ঘ) নিম্নলিখিত তথ্য প্রমাণাদি ও আপত্তিগত্ব আপিলের সহিত দাখিল/সংযুক্ত করিতে হইবে:
- (১) যে আদেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা হইয়াছে উহার সত্যায়িত অনুলিপি;
 - (২) আপিলের সংক্ষিপ্ত ও পরিচ্ছন্ন বিবরণ (প্রযোজ্যক্ষেত্রে নমুনাসহ);
 - (৩) ২০১০ সালের কোর্ট ফি সংশোধন আইন (Court Fee (Amendment Act, 2010)) (২০১০ সালের ৪৫ নং আইন) দ্বিতীয় তফসিলের ২, ৩, ও ৪ নং আট্টিকেল এ নির্ধারিত ফি প্রদানের প্রমাণক;
 - (৪) আপিলকারীর সত্য পাঠ সংবলিত হলফনামা, স্মারক (Memorandum) যাহাতে উন্নত থাকিবে।
- (ঙ) আইনের ৬ ধারায় বর্ণিত সকল তথ্য প্রমাণ সংযুক্ত করা না হইলে বা অসম্পূর্ণভাবে দাখিল করা হইলে আপিল বিবেচনা কর্তৃপক্ষ উক্ত আপিলবাতিল বা বিবেচনার অযোগ্য হিসেবে ঘোষণা করিতে পারিবে;
- ১৪। আপিল নিষ্পত্তির পদ্ধতি।--(ক) আপিল কর্তৃপক্ষ নোটিশ জারির মাধ্যমে আপিল আবেদনকারীকে অথবা তাহার নিযুক্ত প্রতিনিধিকে শুনানীর জন্য তলব করিতে পারিবেন;

(খ) নোটিশ প্রাপ্তির পর আপিলকারী বা তাহার নিযুক্ত প্রতিনিধি আপিল শুনানীকালে উপস্থিত না হইলে অথবা অনুপস্থিত থাকিলে দায়েরকৃত আপিল খারিজ করা যাইবে। তবে আপিলকারী বা তাহার নিযুক্ত প্রতিনিধিউপস্থিত হইয়া যদি অতিরিক্ত সময় প্রার্থনা করেন তাহা হইলে আপিল কর্তৃপক্ষ উক্ত সময় মধ্যের করিতে পারিবেন;

(গ) সময় যত্বারই বৃক্ষি করা হোক না কেন আপিল নিষ্পত্তির সময়সীমার ভিতরে তাহানিষ্পত্তি করিতে হইবে;

(ঘ) আপিল নিষ্পত্তির আদেশ প্রদানকালে আপিলকারীরউপস্থিতি আবশ্যক নহো আপিল আদেশ রেজিস্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/অনলাইনে(প্রযোজ্য ক্ষেত্রে) প্রকাশ করিলে তাহা বৈধ বলে গৃহীত হইবে।

১৫। আপিলের সীমাবদ্ধতা।— যে আদেশের বিরুদ্ধে আপিল করা হইবে, উক্ত আদেশ সম্পর্কে আপিলকারী অবহিত হওয়ার তারিখের ১ (এক) মাসের মধ্যে আপিল দায়ের না করিলে এই অংশের অধীন কোন আপিল গ্রহণযোগ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, যদি আপিল কর্তৃপক্ষ পরিতুষ্ট হন যে, যথাসময়ে আপিলকারীর আপিল দায়ের করিতে না পারার পর্যাপ্ত যুক্তিসংগত কারণ রহিয়াছে, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ উল্লিখিত মেয়াদ অবসানের পরবর্তী এক মাসের মধ্যেও আপিল গ্রহণ করিতে পারিবেন।

১৬। অপরাধ সংঘটন।— এই বিধিমালার বিধি-৬ এ বর্ণিত শর্তাবলীর যে কোন রূপ লংঘন অথবা পাট ব্যবসায়ে এমন কোন কারবার/কর্মকাণ্ডের সম্বিশে ঘটানো যাহার বিষয়ে সরকার এইরূপ ধারণা পোষণ করে যে তাহা পাট, পাটজাত পণ্য বা পাট সংশ্লিষ্ট ব্যবসায় এবং দেশের জন্য আর্থিক দিক দিয়ে ক্ষতিকর বা গ্রহণযোগ্য নহে, সেইরূপ কর্মকাণ্ড অপরাধ হিসেবে গণ্য হইবে; এই বিধিমালার আওতায় কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কোন অপরাধ সংঘটনে প্রকাশ্যে বা সংগোপনে নিয়োজিত হইলে বা লিপ্ত থাকিলে সরকার প্রযোজ্য দণ্ড আরোপ করিতে পারিবে।

১৭। দণ্ড ও দণ্ড আরোপ সংক্রান্ত।— (১) আইনের ধারা ১৯ ও ২০ এর উদ্দেশ্য পূরণকল্পে কোন ব্যক্তি আইনের কোন বিধান বা বিধি বা জারিকৃত কোন আদেশ বা নির্দেশ বিচারিক আদালতেপ্রসিকিউটরের দায়িত্ব পালন করিবেন।

(২) আইনের ধারা ১৯ ও ২০ এর উদ্দেশ্য পূরণকল্পে কোন ব্যক্তি আইনের কোন বিধান বা বিধি বা জারিকৃত কোন আদেশ বা নির্দেশ লংঘন করিলে বা প্রতিপালন করিতে ব্যর্থ হইলে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক দণ্ড আরোপ করা যাইবে।

(১) এই বিধিমালার আওতায় অপরাধকে জ্ঞাত করিবার উদ্দেশ্যে নোটিশ জারি করিতে হইবে;

(২) নোটিশ নিম্নরূপভাবে জারি করিতে হইবে-

(ক) সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানায় ব্যক্তি/প্রাতিষ্ঠানিকভাবে বা

(খ) সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বসতঘর/ব্যবসার স্থানে নোটিশ লটকাইয়া দিয়া বা

(গ) রেজিস্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিস মারফত অথবা

(ঘ) অনলাইনে বা ই-মেইলের মাধ্যমে;

(৩) শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইতে পারে এইরূপ ক্ষেত্রে যখন কোন নোটিশপ্রেরণ করা হয় তখন তাহা রেজিস্ট্রি ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে অথবা ই-মেইলে এইরূপভাবে প্রেরণ করিতে হইবে, যাহাতে উহার প্রাপ্তি স্থীকৃত হয় অথবাপ্রাপ্তির তারিখ ও সময় সম্বন্ধে নিশ্চিত হওয়া সম্ভব হয়।

১৮। পাটখড়ি হইতে বাণিজ্যিক উদ্দেশ্যে দ্রব্য/পণ্য উৎপাদন, ত্রয় ও বিক্রয়।— (১) আইনের ধারা ১৫ এর উদ্দেশ্য পূরণকল্পে পাটখড়িহইতে বাণিজ্যিক উদ্দেশ্যে চারকোল বা যে কোন বা বিশেষ শ্রেণির দ্রব্য/পণ্য উৎপাদন, ত্রয় ও বিক্রয়ের জন্য পাট অধিদপ্তর এর নিকট হইতে তফসিল-১ অনুযায়ী লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী লাইসেন্স গ্রহণের স্বার্থে এতদুদ্দেশ্যে প্রবর্তিত ফরম অনুযায়ী মহাপরিচালক বরাবর আবেদন ও প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করিতে হইবে।

১৯। কোম্পানি কর্তৃক অপরাধ সংঘটন।— আইনের ধারা ২১ এর উদ্দেশ্য পূরণকল্পে আইনের বিধান মোতাবেক শাস্তিযোগ্য কোন অপরাধ সংঘটনকারী ব্যক্তি যদি কোম্পানি হয়, তাহা হইলে উক্ত কোম্পানির মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা হইয়াছে অথবা উহা রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন, তৎজন্য মহাপরিচালক অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করিয়া উহার উপর অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন। এই ক্ষেত্রে “কোম্পানী” ও “পরিচালক” ইত্যাদির সংজ্ঞা ধারা ২১(১) অনুযায়ী নির্ণীত হইবে।

১০।

অপরাধের আমল যোগ্যতা ও আপোষ যোগ্যতা।— মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির লিখিত প্রতিবেদনব্যৱৃত্তি আইনের অধীন কোন অপরাধ আদালতে গ্রহণযোগ্য হইবে না।

তবে শর্ত থাকে যে, আদেশ দ্বারা নির্ধারিত পরিমাণ জরিমানা প্রদান সাপেক্ষে আইনের অধীন অপরাধসমূহমহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক আপোষ নিষ্পত্তি করিতে পারিবেন।

২১।

রাহিতকরণ ও হেফাজতকরণ।—(১) এই বিধিমালা প্রণয়নের পর পাট (লাইসেন্স এন্ড এনফোর্সমেন্ট) বিধিমালা, ১৯৬৪ এবং ইহার সংশোধনীসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) উক্ত বিধিমালা রাহিতকরণ সম্বন্ধে, -

(ক) উহার অধীন প্রণীত কোন বিধি জারিকৃত কোন প্রজ্ঞাপন, প্রদত্ত আদেশ, নির্দেশ এবং কৃত সকল কাজকর্ম উক্তরূপ রাহিতের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে এবং এই বিধিমালার কোন বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হইলে উহা এই বিধিমালার অধীন প্রণীত, জারিকৃত, প্রদত্ত, অনুমোদিত এবং কৃত বলিয়া গণ্য হইবে;

(খ) উহার অধীন প্রদত্ত লাইসেন্স, উহার মেয়াদ সমাপ্ত না হওয়া পর্যন্ত অথবা এই বিধিমালার অধীন রাহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে;

(গ) উহার অধীন গৃহীত কোন কার্যধারা অনিপ্রম থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রাহিত হয় নাই।

২২।

ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ।—(১) এই বিধিমালা জারির পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার বাংলা পাঠের ইংরেজীতে অনুদিত একটি পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা এবং ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

পরিবর্তীত
তফসিল- ১
(বিধি ৫, ৬ ও ৭দ্রষ্টব্য)
লাইসেন্স ও ফি-এর তফসিল

| ক্রমিক | লাইসেন্সের ধরন | লাইসেন্সের বিবরণ | লাইসেন্স ফি (প্রতিটি) |
|--------|------------------------------|---|--------------------------|
| ১ | পাটের ডিলার | (এ) পাটের ডিলার (গুদাম ব্যতীত) | ১,০০০/- |
| | | (বি) পাটের ডিলার (গুদাম সুবিধাসহ) | ৩,০০০/- |
| ২ | পাটপণ্যের ডিলার | (এ) পাটপণ্যের ডিলার (জুট কার্পেট, লেমিনেটেড জুট ক্লথ বা ব্যাগ ব্যতীত) | ১,০০০/- |
| | | (বি) লেমিনেটেড পাটপণ্যের ডিলার (শুধুমাত্র লেমিনেটেড পাটপণ্য অভ্যন্তরীণ বাজারে ক্রয়-বিক্রয়ের জন্য, প্রস্তুতকারক ইহার অধীন হইবে না) | ৬,০০০/- |
| | | (সি) জুট কার্পেট (শুধুমাত্র অভ্যন্তরীণ বাজারে ক্রয়-বিক্রয়ের জন্য) | ৫,০০০/- |
| ৩ | বেলার | (এ) কাঁচাবেলার | ১০,০০০/- |
| | | (বি) পাঁকাবেলার | ১৫,০০০/- |
| | | (সি) আড়তদার | ৩,০০০/- |
| | | (ডি) ইন্টারন্যাল ব্রোকার | ৫,০০০/- |
| | | (ই) এক্সপোর্ট ব্রোকার | ২৫,০০০/- |
| ৪ | প্রেস মালিক | (এ) পাঁকা প্রেস মালিক | ২৫,০০০/- |
| | | (বি) কাঁচা প্রেস মালিক | ১০,০০০/- |
| ৫ | পাট রপ্তানিকারক | কাঁচাপাট রপ্তানিকারক | ২৫,০০০/- |
| ৬ | পাটজাত পণ্যের রপ্তানিকারক | (এ) পাটজাত পণ্য রপ্তানিকারক | ২৫,০০০/- |
| | | (বি) লেমিনেটেড পাট পণ্য রপ্তানিকারক | ২৫,০০০/- |
| | | (সি) জুট কার্পেট রপ্তানিকারক | ২৫,০০০/- |
| | | (ডি) চারকোল রপ্তানিকারক | ২৫,০০০/- |
| | | (ই) বহমুখী পাটজাত পণ্য রপ্তানিকারক | ২৫,০০০/- |
| ৭ | প্রস্তুতকারক | (এ) জুটমিল (প্রতি ২৫০ তাঁত বা উহার ভগ্নাংশের জন্য) | ২০,০০০/- |
| | | (বি) জুট স্পিনিং মিল (প্রতি ৭০০ স্পিন্ডেল বা উহার ভগ্নাংশের জন্য) | ১৫,০০০/- |
| | | (সি) জুট টেপমিল (১০ ইঞ্চি বা উহার কম প্রস্তুত প্রতি ২০ লুম বা উহার ভগ্নাংশের জন্য) | ১১,০০০/- |
| | | (ডি) লেমিনেটেড পাটপণ্য প্রস্তুতকারক (প্রতি ০৫ রোলার বা উহার ভগ্নাংশের জন্য) | ১১,০০০/- |
| | | (ই) বহমুখী পাটজাত পণ্য প্রস্তুতকারক (ক্ষুদ্র উদ্যোক্তা) | ৩,০০০/- |
| | | (এফ) চারকোল প্রস্তুতকারক (প্রতি ০৫ চুলা বা উহার ভগ্নাংশের জন্য) | ৫,০০০/- |

তফসিল-২
(বিধি ৫, ৬ ও ৭দ্রষ্টব্য)
লাইসেন্স কর্তৃপক্ষ

| ক্রমিক নং | মঞ্জুরী বা নবায়নত্বয় লাইসেন্সের ধরণ | লাইসেন্স মঞ্জুরী বা নবায়নের কর্তৃপক্ষ |
|--------------|---|---|
| ১ | (১) পাট রপ্তানিকারক; (২) (ক) পাটজাত পণ্যের রপ্তানিকারক (খ) লেমিনেটেড পাটপণ্য রপ্তানিকারক (গ) জুট কার্পেট রপ্তানিকারক (ঘ) বহমুখী পাটপণ্য রপ্তানিকারক (ঙ) চারকোল রপ্তানিকারক (৩) (ক) পাটজাত দ্রব্য প্রস্তুতকারক (খ) লেমিনেটেড পাটপণ্য প্রস্তুতকারক (গ) চারকোল প্রস্তুতকারক | মহাপরিচালক/পরিচালক/উপ-পরিচালক, পাট অধিদপ্তর |
| ২ | (১) পাঁকা বেলার (২) পাঁকা প্রেস মালিক (৩) এক্সপোর্ট ব্রোকার | সহকারী পরিচালক, পাট অধিদপ্তর, যে সমস্ত ব্যবসায়ীর ব্যবসা কেন্দ্র তাহার এলাকায় পড়িবে |
| ৩ | (১) পাটের ডিলার (গুদাম ব্যতীত) (২) পাটের ডিলার (গুদাম সুবিধাসহ) (৩) পাটপণ্যের ডিলার (৪) বহমুখী পাটজাত পণ্য প্রস্তুতকারক (ক্ষুদ্র উদ্যোক্তা) (৫) জুট কার্পেট (শুধুমাত্র অভ্যন্তরীণ বাজারে ক্রয়-বিক্রয়ের জন্য) (৬) লেমিনেটেড পাটপণ্যের ডিলার (শুধুমাত্র লেমিনেটেড পাটপণ্য অভ্যন্তরীণ বাজারে ক্রয়-বিক্রয়ের জন্য, প্রস্তুতকারক ইহার অধীন হইবে না) (৭) আড়তদার (৮) কাঁচা বেলার (৯) কাঁচা প্রেস মালিক এবং (১০) ইন্টারনাল ব্রোকার | মুখ্য পরিদর্শক, যে সমস্ত ব্যবসায়ীর ব্যবসা কেন্দ্র তাহার এলাকায় পড়িবে |

তফসিল-৩

(৫, ৬ ও ৭ নং বিধি দ্রষ্টব্য)

আবেদন ফরম (১)

লাইসেন্স মঙ্গুরীর জন্য

বরাবর, নং.....

মহাপরিচালক

পাট অধিদপ্তর প্রাপ্তির তারিখ.....

চাকা।

আমি/আমরা ব্যবসায়ি/ব্যবসায়িগণ যাহার/যাহাদের ব্যবসার বিবরণ নিম্নে
বর্ণিত হইল, এতদ্বারা আর্থিক বৎসরের জন্য পাট আইন, ২০১৭ এর ৫ খারা মোতাবেক বার্ষিক লাইসেন্সের জন্য
আবেদন করিলাম।

১। ব্যবসায়ের ধরণ (কেবলমাত্র একটিতে/চিহ্ন দিন):

(ক) পাটের ডিলার (গুদাম ব্যতীত), (খ) পাটের ডিলার (গুদামসহ), (গ) পাটপণ্যের ডিলার, (ঘ) লেমিনেটেড পাটপণ্যের ডিলার, (ঙ) জুট
কার্পেট, (চ) কৌচা বেলার, (ছ) পৌকা বেলার, (জ) আড়ৎদার, (ঝ) ইন্টারন্যাল ব্রোকার, (ঝঝ) এক্সপোর্ট ব্রোকার, (ট) কৌচা প্রেস মালিক, (ঠ) পৌকা
প্রেস মালিক, (ড) কৌচাপাট রপ্তানিকারক, (ঢ) পাটজাত পণ্য রপ্তানিকারক, (ণ) লেমিনেটেড পাটপণ্য রপ্তানিকারক, (ত) চারকোল রপ্তানিকারক,
(থ) বহমুরী পাটজাত পণ্য রপ্তানিকারক, (দ) জুট কার্পেট রপ্তানিকারক, (ধ) পাটজাত দ্রব্য প্রস্তুতকারক, (ন) লেমিনেটেড পাটপণ্য প্রস্তুতকারক,
(গ) চারকোল প্রস্তুতকারক, (ফ) বহমুরী পাটজাত পণ্য প্রস্তুতকারক (ক্ষুদ্র উদ্যোক্তা)।

২। যে নামে ব্যবসা পরিচালনা করা হইবে তাহার পূর্ণ বিবরণ ও ঠিকানা:

ইহা কি একটি: (ক) মালিকানা প্রতিষ্ঠান, (খ) অংশীদারি ফার্ম, (গ) সীমিত কোম্পানি।

৩। ঠিকানাসহ শাখাসমূহের তালিকা:

৪। (ক) মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

- (১) মালিকের নাম
- (২) জাতীয়তা সনদ
- (৩) পিতা/স্বামী/স্ত্রীগণের নাম
- (৪) স্থায়ী ঠিকানা
- (৫) পরিবারের প্রাপ্ত বয়স্ক সদস্যগণের নাম, তাহাদের স্থায়ী বাসস্থান এবং তাহাদের নিজ নিজ জাতীয়তা।

(খ) ফার্ম অথবা সীমিত কোম্পানির ক্ষেত্রে উপরোক্ত ৪ (ক) দফার ন্যায় অংশীদারি ফার্মের প্রত্যেক প্রধানের অথবা সীমিত কোম্পানির প্রত্যেক
পরিচালকের বিবরণ প্রদান করিতে হইবে (প্রয়োজনবোধে পৃথক কাগজে লিখিয়া সংযুক্ত করা যাইবে)।

৫। কৌচা/পৌকা জুট প্রেসের পূর্ণ বিবরণ:

| কি ধরনের প্রেস, কৌচা না পৌকা ? | কৌচা হইলে উহা কায়িক শৰ্ম দ্বারা পরিচালিত না যন্ত্রিত কৌচা হইলে উহার মেশিনের ধরণ এবং প্রস্তুতকারকের নাম | কৌচা প্রেসের ক্ষেত্রে প্রতি বেলের ওজন উল্লেখ করিতে হইবে | প্রেসের পূর্ণ ডাক ঠিকানা | প্রেসটি এই স্থানে প্রথম স্থাপিত কি না |
|--------------------------------------|---|---|-----------------------------|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

৬। প্রস্তুতকারী ইউনিটের পূর্ণ বিবরণ:

| তাহার/তাহাদের দখলীকৃত মিলের নাম ও প্রধান কার্যালয়ের পূর্ণ ঠিকানা | সংখ্যা | | | | কোথায় অবস্থিত (পূর্ণ ডাক ঠিকানা দিতে হইবে) | মিলের অঙ্গনার মধ্যে এবং বাহিরে যদি কোন জুট বেলিং প্রেস/প্রেসসমূহ থাকে তবে পৃথকভাবে উহার ধরণ ও সংখ্যা |
|---|--------|----------|------------------|----------------------|--|---|
| | লুম্স | স্পিডেলস | চারকোল (চুলা) | লেমিনেটেড (রোলার) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

৭। (ক) আবেদনকারীর অথবা উপরোক্ত ৪(ক) দফায় বর্ণিত কোন ব্যক্তির নামে বর্তমান বৎসরে পাট অথবা পাটজাত দ্রব্যের ব্যবসায়ের অন্য কোন প্রকার লাইসেন্স আছে কি না (পূর্বে ছিল কি না- হাঁ/না):

(খ) যদি থাকে, তবে পূর্ণ বিবরণ:

৮। অংশীদারি ফার্মের নিবন্ধিত দাখিল অথবা সীমিত কোম্পানির নিবন্ধিত পরিমেল স্মারক (**Memoreendum of Articles**) ও পরিমেল-বিধি (**Articles of Associates**) দাখিল করিতে হইবে:

৯। হালনাগাদ ট্রেড লাইসেন্স দাখিল করিতে হইবে।

১০। টিআইএনসার্টিফিকেটদাখিলকরিতেহইবে।

১১। রপ্তানি নিবন্ধন (ইআরসি) দাখিল করিতে হইবে (প্রস্তুতকারক ও রপ্তানিকারকদের জন্য প্রযোজ্য)

১২। (ক) আর্থিক সংগতি সম্পর্কে ব্যাংক সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

(খ) যে ব্যাংকের মাধ্যমে ব্যাসায়ের লেনদেন হয় তাহার নাম ও ঠিকানা।

১৩। ফরমাটি/আবেদনকারী ১৯৮৫ সালের ট্রেড অর্গানাইজেশন বুলসের পরিবর্তিত ৮নং বিধি অনুযায়ী যে ট্রেড এসোসিয়েশন অথবা চেষ্টার অব কমার্স এর সদস্য তার হালনাগাদ সনদপত্রের মূল/সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

১৪। আবেদনকারীর পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ফটো সংযুক্ত করিতে হইবে (কেবলমাত্র ডিলার অব জুট এর ক্ষেত্রে)।

টীকা: (১) কোম্পনি বা ফার্মের আবেদনপত্র উহার একজন অংশীদার বা একজন পরিচালক অথবা ব্যবসা পরিচালনাকারী প্রধান কর্মকর্তা স্বাক্ষর করিবেন।

(২) স্থানভাবে উপরোক্ত যে কোন দফার বিবরণ স্বাক্ষরযুক্ত পৃথক কাগজে লিপিবদ্ধ করিয়া সংযুক্ত করিতে হইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের সজ্ঞানে প্রদত্ত উপরোক্ত বিবরণসমূহ সম্পূর্ণ ও সঠিক এবং উহার কোন পরিবর্তন হইলে তাহা অবিলম্বে (চৌদ্দ কার্যদিবসের মধ্যে) আপনাকে জানাইব।

আমি/আমরা আরও অংগীকার করিতেছি যে, আমি/আমরা ২০১৭ সালের পাট আইনের ধারা বলিতদৰ্যৈনে প্রণীত বিধিসমূহ মানিয়া চলিব এবং উক্ত আইন ও বিধিসমূহের অধীনে প্রয়োজনীয় তথ্যাদি ও অবিলম্বে সরবরাহ করিব।

আমরা/আমাদের প্রথিত লাইসেন্সের জন্য নির্দিষ্ট ফিস বাবদ (অক্ষরে) টাকা
..... তারিখে নং ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করিয়াছি (চালানের মূল প্রতিলিপি সংযুক্ত)।

স্থান ও তারিখ:

(স্পষ্ট অক্ষরে)

নাম পদবিসহ স্বাক্ষর

জ্ঞাতব্য:

(১) প্রত্যেক শ্রেণির লাইসেন্সের জন্য একটি করিয়া আবেদনপত্র দাখিল করিতে হইবে;

(২) কেবলমাত্র ডিলার অব জুট (গুদাম সহ ও গুদাম ব্যতীত) এর ক্ষেত্রে আবেদনকারীর ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

তফসিল-৩

(৫, ৬ ও ৭নংবিধি দ্রষ্টব্য)

আবেদনপত্র (২)

লাইসেন্স নবায়নের জন্য

লাইসেন্সের ধরণ:

- ১। লাইসেন্সধারী/প্রতিষ্ঠানের নাম.....
- ২। পূর্ণ ঠিকানা
- ৩। যে আর্থিক বছরের জন্য লাইসেন্স নবায়ন করা হইবে
- ৪। বই নম্বরএবং লাইসেন্স নম্বর
- ৫। (ক) আর্থিক সংগতির সমর্থনে চলতি সালের জন্য সংশ্লিষ্ট ব্যাংক/ব্যাংকসমূহের নিকট হইতে সার্টিফিকেট দাখিল করিতে হইবে;
(খ) লিমিটেড কোম্পানী ও অংশীদারী বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে অডিটেড ব্যালান্স শীটের কপি দাখিল করিতে হইবে;
(গ) পূর্ববর্তী অর্থ বছরের পাট ও পাট পণ্যের রপ্তানির বিবরণী দাখিল করিতে হইবে (কাঁচাপাটের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রত্যায়িত হতে হবে)।
- ৬। হালনাগাদ ট্রেড লাইসেন্স দাখিল করিতে হইবে।
- ৭। রপ্তানি নিবন্ধন (ইআরসি) দাখিল করিতে হইবে (প্রস্তুতকারক ও রপ্তানিকারকদের জন্য প্রযোজ্য)।
- ৮। (ক) পাট আইন, ২০১৭ অথবা তদীয়নে প্রগতি বিধিমালার কোন বিধি ভঙ্গের জন্য লাইসেন্সধারীকে বর্তমান আর্থিক বৎসরে/পূর্ববর্তী আর্থিক বৎসরে দোষী সাব্যস্ত করা হইয়াছিল কি না তাহা উল্লেখ করুন;
(খ) যদি হইয়া থাকে তাহা হইলে উহার পূর্ণ বিবরণ দিন।
- ৯। ফরমটি/আবেদনকারী ১৯৮৫ সালের ট্রেড অর্গানাইজেশন ব্লিসের পরিবর্তিত ৮নং বিধি অনুযায়ী যে ট্রেড এসোসিয়েশন অথবা চেম্বার অব কর্মস এর সদস্য উহার নাম (বর্তমান পদের সার্টিফিকেটের ফটোস্ট্যাটকৃত প্রতিলিপি সংযুক্ত করুন)।
- টিকাঃ (১) কোম্পনি বা ফার্মের আবেদনপত্র ব্যবসা পরিচালনাকারী অংশীদার বা পরিচালক অথবা ব্যবসা পরিচালনাকারী প্রধান কর্মকর্তা স্বাক্ষর করিবেন;
(২) স্থানাভাবে উপরোক্ত যে কোন দফার বিবরণ স্বাক্ষরযুক্ত পৃথক কাগজে লিপিবদ্ধ করিয়া সংযুক্ত করিতে হইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের সজ্ঞানে প্রদত্ত উপরোক্ত বিবরণসমূহ সম্পূর্ণও সঠিক এবংউহারকোন পরিবর্তন হইলে তাহা অবিলম্বে (চৌদ্দ কার্যদিবসের মধ্যে) আপনাকে জানাইব।

আমি/ আমরা আরও অংগীকার করিতেছি যে, আমি/আমরা ২০১৭ সালের পাট আইন ও উহার অধীনে প্রগতি বিধিসমূহ মানিয়া চলিব এবং উক্ত আইন ও বিধিসমূহের অধীনে তথ্যাদি অবিলম্বে সরবরাহ করিব।

আমরা/আমাদের প্রার্থিত লাইসেন্সের জন্য নির্দিষ্ট ফিস বাবদ (অক্ষরে) টাকা
..... তারিখে নং ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ
করিয়াছি (চালানের মূল প্রতিলিপি সংযুক্ত)।

স্থান ও তারিখ:

.....

নাম পদবিসহ স্বাক্ষর

(স্পষ্ট অক্ষরে)

তফসিল-৪
(৫, ৬ ও ৭ নং বিধি দ্রষ্টব্য)
লাইসেন্স



লাইসেন্স এর বিবরণ

আবেদন পত্রের নম্বর :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন্দর ও পাট মন্ত্রণালয়
পাট অধিদপ্তর
www.dgjute.gov.bd

পাট আইন, ২০১৭ এর ধারা-৫ মোতাবেক
কাঁচাপাট ও পাটজাত দ্রব্য/পণ্য এর যাবতীয় ব্যবসায়ের
বিভিন্ন ক্যাটাগরির লাইসেন্স

লাইসেন্স এর ধরণ :

লাইসেন্স নম্বর:.....

.....(প্রতিষ্ঠান/ব্যক্তি) এর স্বত্ত্বাধিকারী হিসেবে জনাব
.....লাইসেন্স এর জন্য নির্ধারিত ফিস (তফসিল-১ অনুযায়ী) পরিশোধ করিয়াছেন, বিধায়
তাহার/তাহাদিগের অনুকূলে অর্থ বছর মেয়াদের জন্য লাইসেন্স প্রদান করা হইল।

| | | | | |
|-----|---|---|---------|---------|
| ১। | লাইসেন্স গ্রহীতার পিতা-মাতা ও স্বামী/স্ত্রীর নাম | : | | |
| ২। | ব্যবসায়ের মোকাম/কেন্দ্র | : | | |
| ৩। | ব্যবসায়িক কার্যালয়ের ঠিকানা | : | | |
| ৪। | ব্যবসায়ির ঠিকানা | : | স্থায়ী | বর্তমান |
| ৫। | জাতীয় পরিচয়পত্র নম্বর | : | | |
| ৬। | ই-টিআইএন নম্বর | : | | |
| ৭। | ই-মেইল ঠিকানা | : | | |
| ৮। | টেলিফোন/মোবাইল নম্বর | : | | |
| ৯। | প্রথম ইস্যুর তারিখ | : | | |
| ১০। | লাইসেন্সের মেয়াদ | : | | |
| ১১। | সর্বশেষ নবায়নের তারিখ | : | | |

সীলনোহর
ইস্যুকারক অফিস

লাইসেন্স প্রদানকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সীল

দ্রষ্টব্য: এতদ্বারা এই লাইসেন্স নির্ধারিত ফিস পরিশোধ সাপেক্ষে পাট আইন, ২০১৭ অথবা পাট বিধিমালা ২০২১ অথবা তদবীনে প্রীত আদেশ বলে প্রদত্ত; যাহা
প্রতি বৎসর নবায়নযোগ্য। পাট আইন, বিধিমালা বা উহার অধীনে কোন আদেশ লংঘনের কারণে অথবা যে শর্তাবলীনে এই লাইসেন্স প্রদত্ত হইয়াছে উহার
যে কোন একটি শর্ত ভঙ্গের কারণে ইহা সাময়িকভাবে স্থগিত বা বাতিলযোগ্য।

তফসিল-৫
(৮নং বিধিদ্রষ্টব্য)
ফরম (১)

লাইসেন্স প্রদান ও নাবায়ন সম্পর্কিত রেকর্ড সংযোগিত রেজিষ্ট্রার, পাঞ্চা বেলার ও এক্সপোর্ট ব্রোকার এর ক্ষেত্রে সহকারী পরিচালক কর্তৃক এবং আড়ৎদার, ইন্টারনাল ব্রোকার, কাঁচা বেলার, পাটের ডিলার, পাটপণ্যের ডিলার, বহমুখী পাটজাত পণ্য প্রস্তুতকারক (ক্ষুদ্র উদ্যোগী), জুটকার্পেট, লেমিনেটেড পাটপণ্যের ডিলার এর ক্ষেত্রে মুখ্য পরিদর্শক কর্তৃক রাখ্তি হইবে

| ক্রমিক নং | বহি নং | লাইসেন্সনং | আবেদন পত্রের ক্রমিক নং | যে নামে ব্যবসা পরিচালিত হয় উহার পূর্ণ ডাক ঠিকানা | লাইসেন্স গ্রহীতার জাতীয়তা | ব্যবসার মোকাম | ব্যবসার ধরণ | লাইসেন্স মঞ্জুরী/ নবায়নের তারিখ | লাইসেন্স ফিস জমা দেওয়া সংক্রান্ত বিবরণ | যে মেয়াদের জন্য লাইসেন্স মঞ্জুর অথবা নবায়ন করা হইল | লাইসেন্স সাময়িকভাবে স্থগিত অথবা বাতিলের তারিখ | মন্তব্য | |
|--------------|-----------|------------|---------------------------------|--|----------------------------------|------------------|----------------|---|---|--|---|---------|----|
| | | | | | | | | | জমাকৃত টাকার পরিমাণ এবং চালান নং এবং তারিখ/নব্বরসহ বিশেষ স্ট্যাম্প | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

* পরিবর্তিতপরিস্থিতিতেনির্বাহীআদেশেসংশোধন/হালনাগাদযোগ্য।

তফসিল-৫
(৮নং বিধি দ্রষ্টব্য)

ফরম (২)

পাট অধিদপ্তর, ঢাকা-এর মহাপরিচালক/পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক কর্তৃক প্রদত্ত লাইসেন্স এবং উহার নবায়ন সংক্রান্ত রেকর্ড সংরক্ষণের নিবন্ধন বই

| ক্রমিক নম্বর | বই নম্বর | লাইসেন্স নম্বর | আবেদন পত্রের ক্রমিক নম্বর | যে নামে ব্যবসা পরিচালিত হইতেছে উহার ডাক ঠিকানা | লাইসেন্সধারীর জাতীয়তা | ব্যবসার স্থান | ব্যবসার ধরণ | লাইসেন্স মঙ্গুরী/ নবায়নের তারিখ | লাইসেন্স ফি জমার পূর্ণ বিবরণ | যে সময়কালের জন্য লাইসেন্স ইস্যু বা নবায়নকৃত | লাইসেন্স সাময়িকভাবে স্থগিত অথবা বাতিলের তারিখ | মন্তব্য | |
|-----------------|-------------|-------------------|------------------------------------|---|---------------------------|------------------|----------------|---|--|--|--|---------|----|
| | | | | | | | | | জমাকৃত অর্থের পরিমাণ এবং চালান নম্বর ও তারিখ/নম্বরসহ বিশেষ স্ট্যাম্প | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

* পরিবর্তিতপরিস্থিতিতেনির্বাহীআদেশেসংশোধন/হালনাগাদযোগ্য।

তফসিল-৫
(৮নং বিধি দ্রষ্টব্য)

ফরম (৩)

লাইসেন্স মঞ্চুরী ও নবায়ন সম্পর্কিত রেকর্ডগত সম্বলিত রেজিস্ট্রার যাহা রক্ষণাবেক্ষণকরিবেন সহকারী পরিচালক.....

| ক্রমিক নম্বর | বহি নম্বর | লাইসেন্স নম্বর | আবেদন পত্রের ক্রমিক নম্বর | পূর্ণ ডাক ঠিকানাসহ জুট প্রেসের মালিকের নাম | লাইসেন্স গ্রহীতার জাতীয়তা | কোথায় অবস্থিত | প্রেসের সংখ্যা | কোন ধরণের প্রেস কাঁচা না পাকা, উহা কি হষ্ট চালিত না যন্ত্রচালিত | লাইসেন্স মঞ্চুরী/ নবায়নেৱ তারিখ | লাইসেন্স ফি জমাৰ পূর্ণ বিবরণ | যে মেয়াদেৱ জন্য লাইসেন্স মঞ্চুর অথবা নবায়ন কৰা হইয়াছে | যে মেয়াদেৱ জন্য লাইসেন্স মঞ্চুর অথবা বাতিলেৱ তারিখ | লাইসেন্স সাময়িকভাবে স্থগিত অথবা বাতিলেৱ তারিখ | মন্তব্য |
|-----------------|--------------|-------------------|------------------------------------|---|----------------------------------|-------------------|-------------------|---|---|------------------------------|---|---|---|---------|
| | | | | | | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

* পরিবর্তিতপৰিস্থিতিতেনিৰ্বাহীআদেশেৱ শোধন/হালনাগাদযোগ্য।

তফসিল-৫
(৮নং বিধি দ্রষ্টব্য)
ফরম (8)

পাট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা-এর মহাপরিচালক/পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক কর্তৃক
প্রদত্ত লাইসেন্স এবং উহার নবায়ন সংক্রান্ত রেকর্ড সংরক্ষণের নিবন্ধন বই:

| ক্রমিক নম্বর | বই নম্বর | লাইসেন্স নম্বর | আবেদন পত্রের ক্রমিক নম্বর | ঠিকানাসহ পাটকল মালিকের নাম | লাইসেন্সধারীর জাতীয়তা | কোথায় অবস্থিত | সংখ্যা | | | | লাইসেন্স ইস্যু অথবা নবায়নের তারিখ | লাইসেন্স ফি জমার পূর্ণ বিবরণ | যে সময় কালের জন্য লাইসেন্স ইস্যু বা নবায়নকৃত | লাইসেন্স সাময়িকভাবে স্থগিত অথবা বাতিলের তারিখ | মন্তব্য | |
|-----------------|-------------|-------------------|---------------------------------|-------------------------------------|---------------------------|-------------------|--------|------|------------------|----------------------|--|---------------------------------|---|--|---------|----|
| | | | | | | | তাঁত | টাকু | চারকোল (চুলা) | লেমিনেটেড (রোলার) | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮(ক) | | | ৮(খ) | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | | | | |

* পরিবর্তিতপরিস্থিতিতেনির্বাহীআদেশসংশোধন/হালনাগাদযোগ্য।